
# কওমি সনদধারীদের জন্য নিকাহ রেজিস্ট্রার পদে আবেদন উন্মুক্ত: আইন উপদেষ্টা



সংগৃহীত ছবি

কওমি মাদরাসার স্বীকৃত সনদধারীদের জন্য নিকাহ রেজিস্ট্রার (কাজি) হওয়ার পথ আনুষ্ঠানিকভাবে খুলে দিয়েছে সরকার। আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল জানিয়েছেন, প্রয়োজনীয় আইন সংশোধনের মাধ্যমে কওমি শিক্ষার্থীদের এই সুযোগের আওতায় আনা হয়েছে।

রবিবার (৭ ডিসেম্বর) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ তথ্য নিশ্চিত করেন। তিনি লেখেন, এতদিন কাজি পদে আবেদন করার যোগ্যতা মূলত আলিম সনদধারীদের মধ্যেই সীমাবদ্ধ ছিল। নতুন সংশোধনের ফলে এখন থেকে কওমি মাদরাসার স্বীকৃত ডিগ্রি—বিশেষ করে দাওরায়ে হাদিস–ধারীরাও এই পদের জন্য আবেদন করতে পারবেন।

তিনি আরও উল্লেখ করেন যে স্বীকৃত ছয়টি কওমি শিক্ষাবোর্ডের সর্বোচ্চ তত্ত্বাবধায়ক প্রতিষ্ঠান আল হাইআতুল উলয়া লিল জামিআতিল কওমিয়া বাংলাদেশ—যার অধীনে পরিচালিত দাওরায়ে হাদিস সনদ এখন রাষ্ট্রীয়ভাবে মাস্টার্স সমমান হিসেবে স্বীকৃত।

সরকারি তথ্য অনুযায়ী, ২০২২ সালে দেশে প্রায় ২০ হাজারেরও বেশি কওমি মাদরাসা পরিচালিত হচ্ছিল, যেখানে শিক্ষার্থী সংখ্যা ছিল প্রায় ৩০ লাখ। নতুন নীতিমালার ফলে বৃহৎ এই শিক্ষার্থী সমাজের জন্য সরকারী কাঠামোতে নতুন কর্মসংস্থানের দ্বার উন্মোচিত হলো।